# ১০ দাবিতে কারিগরি শিক্ষকদের আন্দোলনের হুশিয়ারি

**নিজস্ব প্রতিবেদক**

০২ আগস্ট ২০২৬, ১২:০০ এএম



শিক্ষাব্যবস্থা জাতীয়করণ, শিক্ষক-কর্মচারীদের আন্তঃবদলির নীতিমালা প্রণয়নসহ ১০ দফা দাবি জানিয়েছে বাংলাদেশ কারিগরি শিক্ষক কর্মচারী পরিষদ। এ বিষয়ে দ্রুত কার্যকর উদ্যোগ না নিলে কঠোর আন্দোলনের হুশিয়ারি দিয়েছেন সংগঠনের নেতারা।

গতকাল জাতীয় প্রেসক্লাবের মাওলানা আকরাম খাঁ হলে আয়োজিত সংবাদ সম্মেলনে তাদের দাবি তুলে ধরা হয়। এতে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সাধারণ সম্পাদক প্রকৌশলী আবুল বাশার।

সংবাদ সম্মেলনে তিনি বলেন, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা খাত দীর্ঘদিন ধরে অবহেলা, বৈষম্য, প্রশাসনিক জটিলতা ও সুশাসনের অভাবে লক্ষ্য অর্জন করতে পারছে না। এ অবস্থার পরিবর্তনে ১০ দফা দাবি বাস্তবায়ন জরুরি।

এসব দাবির মধ্যে রয়েছে- শিক্ষা প্রতিষ্ঠানের আয় রাষ্ট্রীয় কোষাগারে নিয়ে শিক্ষাব্যবস্থা জাতীয়করণ ও শিক্ষক-কর্মচারীদের আন্তঃবদলির ব্যবস্থা, দেশের সব মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে অন্তত দুটি কারিগরি ট্রেড চালু, প্রতি ট্রেডে দুইজন ট্রেড ইন্সট্রাক্টরের পদ পুনর্বহাল, প্রতি মাসের ১ তারিখের মধ্যে বেতন-ভাতা পরিশোধ, কারিগরি শিক্ষা বোর্ড ও অধিদপ্তরের দুর্নীতি দমন এবং এমপিও, বিএড ও উচ্চতর স্কেলের আবেদন প্রক্রিয়া সম্পূর্ণ অনলাইনে চালু করা। শিক্ষক-কর্মচারী সুরক্ষা আইন প্রণয়ন, সব এমপিওভুক্ত প্রতিষ্ঠানে আধুনিক ল্যাব স্থাপন, দেশি-বিদেশি প্রশিক্ষণের সুযোগ বৃদ্ধি, সংযুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী প্রধান শিক্ষক (কারিগরি) পদ সৃষ্টি, পৃথক কারিগরি শিক্ষা মন্ত্রণালয় প্রতিষ্ঠা, কারিগরি এইচএসসি (বিএমটি) কলেজের সহকারী গ্রন্থাগারিকদের দশম গ্রেড প্রদান এবং সব স্বীকৃতিপ্রাপ্ত নন-এমপিও কারিগরি প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করার দাবিও জানানো হয়।